দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 DEC 1998
পৃষ্ঠা ... কলাম ...

# বিজয় দিবসে অমর্ত্য সেন আসিতেছেন

আনোয়ার জলদীন ।। অর্থনীতিতে নোবেল বিজয়ী বাঙালী, বিশ্বসভায় বাঙালীর গর্ব অমর্ত্য সেন ৪ দিনের এক সফরে আগামী, ১৬ই ডিসেম্বর ঢাকা

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## অমর্ত্য সেন

(প্রথম পৃষ্ঠার পর)

আসিতেছেন। ১১ই ডিসেম্বর স্টকহোমের কনসার্ট হলে বিশ্বসেরা সম্মান নোবেল পুরস্কার গ্রহণের মাত্র চারদিন পর কলিকাতা হইয়া অমর্ত্য সেন মহান বিজয় দিবসে পা রাখিবেন বাংলাদেশের মাটিতে। বেসরকারী সংগঠন ব্র্যাকের আমন্ত্রণে ঢাকা আসিতেছেন তিনি। ১৯শে ডিসেম্বর সকালের বিমান ফ্লাইটে অমর্ত্য সেন কলিকাতায় প্রত্যাবর্তন করিবেন। ঢাকায় চারদিন অবস্থানকালে তিনি ব্যস্ত প্রহর অতিবাহিত করিবেন। তাঁহার বিস্তারিত সফরসূচী ইতিমধ্যেই চূড়ান্ত হইয়াছে।

১৭ই ডিসেম্বর অমর্ত্য সেন 'ব্র্যাকে' আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথি হিসাবে যোগদান করিবেন। ঢাকার অদূরে রাজেন্দ্রপুরে অনুষ্ঠিত হইবে এই সেমিনার। নোবেল প্রাপ্তির পূর্বেই 'ব্র্যাক' তাঁহাকে এই অনুষ্ঠানে প্রধান অতিথি করিয়া তাঁহার নিকট হইতে সিডিউল নিয়া রাখিয়াছিল। ১৮ই ডিসেম্বর অমর্ত্য সেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহিত সৌজন্য সাক্ষাৎ করিবেন এবং তাঁহার সম্মানে প্রধানমন্ত্রী প্রদত্ত ভোজসভায় যোগ দিবেন। এইদিন তিনি সেগুন বাগিচার মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শন করিবেন এবং জাতীয় জাদুঘর মিলনায়তনে 'স্যোশাল বয়েস' শীর্ষক এক সেমিনারে ভাষণ দিবেন। বাংলাদেশ অর্থনীতি সমিতি, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্ট্যাডিজ, সেন্টার ফর পলিসি ডায়ালগ এবং গ্রামীণ ব্যাংকের যৌথ উদ্যোগে এই সেমিনারের আয়োজন করা হইয়াছে।

১৯শে ডিসেম্বর সকালে অমর্ত্য সেন তাঁহার কিশোর বেলার বিদ্যালয় পুরাতন ঢাকার সেন্ট গ্রেগরিজ স্কুল পরিদর্শন করিবেন। সকাল সাড়ে ৮টায় যাইবেন বলধা গার্ডেনে। 'ঢাকাইয়া ছেলে অমর্ত্য সেন সম্বর্ধনা কমিটি' বলধা গার্ডেনে তাঁহাকে সম্বর্ধনা প্রদান করিবে। কবি বেলাল চৌধুরীকে আহ্বায়ক ও জিল্লুর রহিম দুলালকে সদস্য সচিব করিয়া এই সম্বর্ধনা কমিটি গঠিত হইয়াছে। এইখানে অমর্ত্য সেনকে ঢাকার চাবি এবং প্রত্নতাত্ত্বিক আউটলাইন খচিত মানপত্র প্রদান করা হইবে। পরে তিনি ওয়ারীর ১৪ নম্বর লারমেনি স্ট্রীটে তাঁহার পৈত্রিক বাসভবনে যাইবেন। সেখান হইতে সরাসরি বিমান বন্দরে গিয়া কলিকাতাগামী বিমানে আরোহণ করিবেন। ২০শে ডিসেম্বর শান্তি নিকেতনে তাঁহাকে সম্বর্ধনার আয়োজন রহিয়াছে।

অমর্ত্য সেনের বাবা আশুতোষ সেন কিছুকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করিয়াছেন। তাঁহার বাবার বাড়ী মানিকগঞ্জে এবং মায়ের পৈতৃক বাড়ী বিক্রমপুরের সোনারঙ। কয়েক বছর পূর্বে অমর্ত্য সেন ঢাকা আসিয়াছিলেন। তখন অবশ্য নীরবেই তাঁহার সময় কাটিয়াছিল ঢাকায়।